Committee Reform.docx/10

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
প্রোগ্রামার
সহকারি মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার
সহকারি প্রোগ্রামার
অন্যান্যঃ
ডাইরী নং- তারিখ-
স্বাক্ষরঃ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mohpw.gov.bd

নম্বর: ২৫.০০.০০০০.০১৪.১৮.০২৬.৯৯.২২৭

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩২ / ০৬ মে ২০২৫

## অফিস আদেশ

সরকারি বাসা বরাদ্দের বিষয়ে বরাদ্দ কমিটি সংক্রান্ত এ মন্ত্রণালয়ের ১০/০১/২০২২ তারিখের শা-২/২এম-২৬/৯৯/-০৭ নম্বর আদেশটি বাতিল করত: সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন সরকারি বাসা বরাদ্দের জন্য কমিটি পুনর্গঠন করতঃ নিম্নরূপ ০২টি কমিটি গঠন করা হলো:

**কমিটি-১:**

| | |
|---|---|
| ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ-২), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - সভাপতি |
| ২। পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর | - সদস্য |
| ৩। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - সদস্য |
| ৪। অতিরিক্ত পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর | - সদস্য |
| ৫। উপপরিচালক (সংশ্লিষ্ট বরাদ্দ শাখা), সরকারি আবাসন পরিদপ্তর | - সদস্য সচিব |

উক্ত কমিটির কার্যপরিধি:

(১) এফ ও তদূর্ধ্ব শ্রেণিভুক্ত বাসা ও গ্যারেজ বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম;
(২) এফ ও তদূর্ধ্ব শ্রেণিভুক্ত বরাদ্দকৃত বাসায় বসবাসের মেয়াদ বর্ধিতকরণসহ প্রাসঙ্গিক বিষয়াদি;
(৩) সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন সকল উচ্ছেদে কার্যক্রম অনুমোদন;
(৪) নবনির্মিত যে কোন আবাসনের প্রথম বরাদ্দ;
(৫) কর্তৃপক্ষ নির্দেশিত অন্যান্য বিষয়াদি।

**কমিটি-২:**

| | |
|---|---|
| ১। পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর | - সভাপতি |
| ২। উপসচিব (প্রশাসন-২), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - সদস্য |
| ৩। অতিরিক্ত পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর | - সদস্য |
| ৪। উপপরিচালক (সংশ্লিষ্ট বরাদ্দ শাখা), সরকারি আবাসন পরিদপ্তর | - সদস্য |
| ৫। সহকারী পরিচালক (সংশ্লিষ্ট বরাদ্দ শাখা), সরকারি আবাসন পরিদপ্তর | - সদস্য সচিব |

উক্ত কমিটির কার্যপরিধি:

(১) ই-শ্রেণি, ডি-১, ডি-২ শ্রেণি পর্যন্ত এবং সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন (বিভিন্ন মন্ত্রণালয়ের আওয়াতাধীন আবাসন ব্যতীত) অন্যান্য আবাসন বরাদ্দ
(২) ই-শ্রেণি, ডি-১, ডি-২ পর্যন্ত এবং সরকারি আবাসন পরিদপ্তরের হতে বরাদ্দকৃত সকল আবাসনের বিধিমতে বসবাসের মেয়াদ বৃদ্ধি, হস্তান্তর ইত্যাদি বিষায়াদি এবং
(৩) কর্তৃপক্ষ নির্ধারিত/নির্দেশিত অন্যান্য প্রাসংঙ্গিক কার্যক্রম।

০২। উল্লিখিত বরাদ্দ কমিটি যাবতীয় কার্যক্রম বাংলাদেশ 'বরাদ্দ বিধিমালা, ১৯৮২' এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্বাহী আদেশ অনুসারে পরিচালিত হবে।

০৩। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার স্বার্থে সকল ধরনের নতুন বরাদ্দ/বদলি বরাদ্দ কমিটির সুপারিশের মাধ্যমে করতে হবে। কোন ক্ষেত্রে অত্যাবশ্যকীয় বিবেচিত হলে নথিতে উপস্থাপনের মাধ্যমে বাসা বরাদ্দের ব্যবস্থা করা যেতে পারে। তবে সেক্ষেত্রেও কমিটির পরবর্তী সভায় বিষয়টি উপস্থাপন করে ঘটনত্তোর অনুমোদন নিতে হবে। উভয় বাসা বরাদ্দ কমিটিই সভায় বাসা বরাদ্দ/বদলি বরাদ্দের সুপারিশ করবে এবং সুপারিশসহ অনুমোদনের জন্য নিকটবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পেশ করবে। কর্তৃপক্ষের অনুমোদনের পরই বাসা বরাদ্দের বরাদ্দপত্র ইস্যু করতে হবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাঃ
মোহাম্মদ আবদুল আওয়াল
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৯৮১
e-mail: dsad.mohpw@gmail.com

নম্বর: ২৫.০০.০০০০.০১৪.১৮.০২৬.৯৯.২২৭

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩২ / ০৬ মে ২০২৫

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধান উপদেষ্টার মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব, ........................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সকল), ......................., গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিজ্ঞ আইন উপদেষ্টা/আইন কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।